গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
**বাজেট অনুবিভাগ-১, শাখা-৩**
www.mof.gov.bd

স্মারক নং-০৭.১০৩.০০০০.০০.১৮.০০৩.১৯-৩১৭

তারিখঃ ৩ ভাদ্র ১৪২৬ / ১৮ আগস্ট ২০১৯

# পরিপত্র

বিষয়ঃ **'ট্রেজারি চালান ম্যানেজমেন্ট সিস্টেম' ব্যবহার করে 'স্বয়ংক্রিয় চালান' প্রক্রিয়ায় ট্রেজারি চালানের অর্থ সরকারের হিসাবে জমাকরণ।**

সরকারের রাজস্ব ও বিভিন্ন সেবা ফি বাবদ সরকারি খাতে অর্থ জমা দেয়ার বিদ্যমান পদ্ধতি সহজীকরণের লক্ষ্যে সরকার **'স্বয়ংক্রিয় চালান (Automated Challan)'** প্রক্রিয়া চালুর সিদ্ধান্ত গ্রহণ করেছে। অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন 'সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণঃ অগ্রাধিকার কার্যক্রমসমূহের ধারাবাহিকতা রক্ষা (পিইএমএস)' শীর্ষক কর্মসূচির আওতায় প্রবর্তিত এ **'ট্রেজারি চালান ম্যানেজমেন্ট সিস্টেম'** ব্যবহার করে যে কোন বাণিজ্যিক ব্যাংকের যে কোন শাখায় (সোনালী ব্যাংকের সকল শাখাসহ) ট্রেজারি চালানের অর্থ গ্রহণ করা যাবে। এক্ষেত্রে নিম্নবর্ণিত প্রক্রিয়াসমূহ অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

ক) প্রাথমিক পর্যায়ে সোনালী ব্যাংকসহ সকল বাণিজ্যিক ব্যাংকের ঢাকা মহানগরীর শাখাসমূহে এই সিস্টেমটি চালু হবে এবং পরবর্তীতে পর্যায়ক্রমে সারাদেশে বাস্তবায়ন করা হবে;

খ) ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি ফি পরিশোধের অর্থ গ্রহণের পর বাণিজ্যিক ব্যাংকসমূহ সেবাপ্রত্যাশী ব্যক্তি/প্রতিষ্ঠানকে নগদ প্রাপ্তির ক্ষেত্রে তাৎক্ষণিকভাবে চালান রসিদ প্রদান করবে এবং চেকের অর্থ গ্রহণের প্রমাণক হিসাবে স্লিপ প্রদান করে পরবর্তীতে সরকারি কোষাগারে অর্থ জমা বিষয়ে নিশ্চিত হয়ে চালান রসিদ প্রদান করবে;

গ) বাংলাদেশ ব্যাংক এই সিস্টেম হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী দৈনিকভিত্তিতে সকল বাণিজ্যিকের ব্যাংকের প্রধান এ্যাকাউন্ট (Principal Account) ডেবিট করে ট্রেজারি চালান বাবদ জমাকৃত অর্থ সরকারি হিসাবে ক্রেডিট করবে এবং ক্রেডিট স্ক্রল হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় বরাবর প্রেরণ করবে; এবং

ঘ) সেবা প্রদানকারী সরকারি অফিস সেবাপ্রত্যাশী ব্যক্তি/প্রতিষ্ঠান হতে প্রাপ্ত চালান রসিদ 'অনলাইন চালান ভেরিফিকেশন' সাইট [Online Chalan Verification - http://103.48.16.132/echalan/]-এ যাচাই করে প্রয়োজনীয় সেবা প্রদান করবে। এক্ষেত্রে চালান যাচাই-এর পর সেবা প্রদানকারী সরকারি অফিসকে ব্যবহৃত চালান রসিদটি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে; যাতে এটি পুনরায় ব্যবহারের কোন সুযোগ না থাকে। অনলাইন চালান ভেরিফিকেশন-এর ক্ষেত্রে কোন সমস্যা হলে প্রয়োজনে হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের হেল্পডেস্ক-এ (ফোন- ০২-৯৩৫৬৫০৭) জরুরিভিত্তিতে যোগাযোগ করা যেতে পারে।

০২। উপর্যুক্ত **'স্বয়ংক্রিয় চালান (Automated Challan)'** প্রক্রিয়ার পাশাপাশি বর্তমানে সরকারি রাজস্ব ও ফি জমা প্রদানের প্রচলিত অন্যান্য পদ্ধতিও বহাল থাকবে।

১৮/৮/১৯
**(মোহাম্মদ সাইদুল ইসলাম)**
উপসচিব
☎ ৯৫৬৩১৮৬
ইমেইল: saiduli1@finance.gov.bd

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়, অডিট ভবন, কাকরাইল, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বা/এ, ঢাকা
[ ***তফসিলি ব্যাংকসমূহকে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ***]
৪. সিনিয়র সচিব/সচিব, ....................................................................................................................
৫. সামরিক সচিব, আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৬. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা
৭. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
৮. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা
৯. সিইও ও ব্যবস্থাপক পরিচালক, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা
[দৃঃ আঃ জেনারেল ম্যানেজার, গভ. এ্যাকাউন্টস এন্ড সার্ভিসেস]

**সদয় অবগিতর জন্য অনুলিপিঃ**

১. কর্মসূচি পরিচালক, পিএএমএস কর্মসূচি, ইউসেপ চেইনী টাওয়ার (৩য় তলা), ২৫ সেগুনবাগিচা, ঢাকা
২. সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
**বাজেট অনুবিভাগ-১, বাজেট অধিশাখা-৩**
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০০৩.১৯-২৩৯

তারিখঃ ১৫ জ্যৈষ্ঠ ১৪২৮ / ২৯ মে ২০২১

**পরিপত্র**

বিষয়ঃ **সরকারের বিভিন্ন রাজস্ব ও সেবা ফি বাবদ প্রাপ্ত অর্থ সরাসরি বাংলাদেশ ব্যাংকে সরকারি হিসাব (Treasury Single Account-TSA)-এ জমা নিশ্চিতকরণ।**

সরকারি অর্থ ও বাজেট ব্যবস্থাপনা আইন, ২০০৯ এর ধারা-৭ এবং ট্রেজারি রুলসের রুল-৩ ও ৭(১) অনুযায়ী সরকারের সকল ধরনের রাজস্ব ও বিভিন্ন সেবা ফি সরাসরি সরকারের সংযুক্ত তহবিলে জমাকরণের উদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংকে রক্ষিত Treasury Single Account (TSA)-এ জমা প্রদানের বিধান রয়েছে। সম্প্রতি বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/পরিদপ্তর অর্থ বিভাগের সাথে পরামর্শ ব্যতিরেকে বিভিন্ন বেসরকারি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান/সংস্থার সাথে দ্বি-পাক্ষিক চুক্তি করে রাজস্ব/সেবা ফি বাবদ প্রাপ্ত সরকারের অর্থ বাংলাদেশ ব্যাংক বা এর এজেন্ট সোনালী ব্যাংক লিমিটেড ব্যতীত অন্য ব্যাংকে জমা রাখছে, যা সংশ্লিষ্ট আইন/বিধির পরিপন্থি।

২। বাংলাদেশের আইন ও বিধির সাথে সামঞ্জস্য রেখে সরকারের রাজস্ব ও ফি জমা দেওয়ার বিদ্যমান পদ্ধতি সহজীকরণের লক্ষ্যে গত ১৮ আগস্ট ২০১৯ হতে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক 'স্বয়ংক্রিয় চালান' (Automated Challan, সংক্ষেপে 'এ-চালান') পদ্ধতি চালু করা হয়েছে। এ পদ্ধতিতে যে কোন ব্যাংকের মাধ্যমে সকল প্রকার সরকারি রাজস্ব ও বিভিন্ন সেবা ফি সরাসরি বাংলাদেশ ব্যাংকে (TSA) জমা প্রদান করা সম্ভব।

৩। এমতাবস্থায়, যে সকল মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/পরিদপ্তর বেসরকারি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান/সংস্থার সাথে সরকারি অর্থ জমা গ্রহণের চুক্তি করেছে অনতিবিলম্বে তাদেরকে এ জাতীয় চুক্তি বাতিল করে '**এ-চালান**' পদ্ধতির গেটওয়ে ব্যবহারের মাধ্যমে অনলাইনে বা যে কোন তফসিলি ব্যাংকের শাখায় সরকারি অর্থ সরকারি কোষাগারে (TSA) জমা প্রদানের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

২৯.০৫.২০২১

**(মোঃ তৌহিদুল ইসলাম)**
উপসচিব
☎ ৯৫৬৩১৮৬
ই-মেইল: touhiduli@finance.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বা/এ, ঢাকা
৪. সিনিয়র সচিব/সচিব (সকল), ........................................................................................................
৫. সামরিক সচিব, আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৬. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা
৭. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা
৮. অতিরিক্ত সচিব (প্রশাসন, ব্যয় ব্যবস্থাপনা ও টিডিএম), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থার জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. জাতীয় কর্মসূচি পরিচালক, এসপিএফএমএস কর্মসূচি, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ, ঢাকা
২. কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা
৩. অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, ঢাকা
৪. সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(A ৩৯৯)

Mr. Zobayer

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
**বাজেট অনুবিভাগ-১, বাজেট অধিশাখা-৩**
www.mof.gov.bd

SPFMS Programme Office
RECEIVED
No ........ ৫৬৫
Date 20/01/22

স্মারক নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০২০.২০(অংশ-১) -৭৩৮

তারিখঃ ৪ মাঘ ১৪২৮
১৮ জানুয়ারি ২০২২

## পরিপত্র

বিষয়: **মোবাইল কোর্ট আইন-২০০৯ এর আওতায় আদায়কৃত অর্থদন্ড এবং অন্যান্য অর্থ 'এ-চালান' পদ্ধতিতে নির্দিষ্ট অর্থনৈতিক কোডে জমাকরণ।**

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার অধীনে পরিচালিত মোবাইল কোর্টের মাধ্যমে আদায়কৃত অর্থদন্ড/জরিমানার অর্থ যথাযথভাবে সরকারি কোষাগারে জমা দেওয়া হচ্ছে না কিংবা বিলম্বে জমা দেওয়া হচ্ছে, যা আর্থিক শৃঙ্খলার পরিপন্থী। আদালত কর্তৃক অর্থদন্ড/জরিমানা বাবদ আদায়কৃত অর্থ সরকারি পাওনা হিসেবে অবিলম্বে সরকারি কোষাগারে জমা প্রদান করা প্রয়োজন।

২। সরকারের রাজস্ব ও বিভিন্ন সেবা ফি বাবদ সরকারি খাতে অর্থ জমা দেওয়ার বিদ্যমান পদ্ধতি সহজীকরণের লক্ষ্যে সরকার ইতোমধ্যে Automated Challan System (এ-চালান) চালু করেছে। অর্থ বিভাগ কর্তৃক প্রবর্তিত 'এ-চালান' সিস্টেম ব্যবহার করে অনলাইনে অথবা যে কোন বাণিজ্যিক ব্যাংকের যে কোন শাখায় (Over the Counter) সরকারি রাজস্ব বাবদ প্রাপ্ত অর্থ তাৎক্ষণিকভাবে সরকারি কোষাগারে জমা করা যায়।

৩। বর্ণিত প্রেক্ষাপটে, অর্থ বিভাগ কর্তৃক প্রবর্তিত 'এ-চালান' সিস্টেমের মাধ্যমে অনলাইনে অথবা যে কোন বাণিজ্যিক ব্যাংকের যে কোন শাখায় বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থা বা স্থানীয় সরকার প্রতিষ্ঠানের আওতায় মোবাইল কোর্ট আইন-২০০৯ মোতাবেক পরিচালিত মোবাইল কোর্টের মাধ্যমে আদায়কৃত অর্থদন্ড/জরিমানা, বাজেয়াপ্ত অর্থ এবং বাজেয়াপ্তকৃত দ্রব্য বিক্রয়লব্ধ অর্থ সরাসরি সরকারি কোষাগারে জমাকরণের লক্ষ্যে নিম্নেবর্ণিত অর্থনৈতিক কোডসমূহ ব্যবহার করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল:

| অর্থনৈতিক কোড (নতুন) | ইংরেজি | বাংলা |
|---|---|---|
| 1431101 | Fines | জরিমানা |
| 1431103 | Forfeiture | বাজেয়াপ্তকরণ |
| 1431104 | Sale of confiscated items | বাজেয়াপ্ত দ্রব্য বিক্রয় |

৪। উল্লেখ্য, বাজেয়াপ্তকৃত দ্রব্য নিলাম বিক্রয়ের ক্ষেত্রে নিলাম ক্রেতার নিকট থেকে প্রযোজ্য হারে আদায়কৃত আয়কর (কোড-১১১১১০১) ও মূল্য সংযোজন কর (কোড-১১৪১১০১) 'এ-চালান' সিস্টেমের মাধ্যমে জমা করতে হবে।

18-01-2022

**(মোঃ তৌহিদুল ইসলাম)**
উপসচিব
☎ ২২৩৩১৮৬
ই-মেইল: touhiduli@finance.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বা/এ, ঢাকা
৪. সিনিয়র সচিব/সচিব (সকল), ..........................................................................................
৫. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা
৬. অতিরিক্ত সচিব (প্রশাসন ও টিডিএম), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. বিভাগীয় কমিশনার (সকল)..................................................
৮. জেলা প্রশাসক (সকল)......................................................

**অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থার জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. জাতীয় কর্মসূচি পরিচালক, এসপিএফএমএস কর্মসূচি, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ, ঢাকা
২. সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

১১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
**বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-৩**
www.mof.gov.bd

স্মারক নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০২০.২০(অংশ-১)-২৪২

তারিখঃ ১৬ জ্যৈষ্ঠ ১৪২৮ / ৩০ মে ২০২১

বিষয়: **'স্বয়ংক্রিয় চালান' পদ্ধতি ব্যবহার করে সকল ব্যাংকের মাধ্যমে ই-পাসপোর্ট ফি গ্রহণ কার্যক্রম বাস্তবায়ন।**

সূত্রঃ এসপিএফএমএস কর্মসূচি কার্যালয়ের পত্র নং- ০৭.০০.০০০০.০০০.৩২.০২২.২০২০-৪৬১; তারিখ ২৪.০৫.২০২১

আগামী ১ আগস্ট, ২০২১ তারিখের মধ্যে সারাদেশে সোনালী ব্যাংক লিমিটেড-এর সকল শাখায়, আগামী ১ সেপ্টেম্বর, ২০২১ তারিখ হতে রাষ্ট্রায়ত্ত অন্যান্য ব্যাংকের সকল শাখায় এবং আগামী ১ ডিসেম্বর, ২০২১ তারিখের মধ্যে সকল তফসিলি ব্যাংকের সকল শাখায় 'স্বয়ংক্রিয় চালান' (Automated Challan, সংক্ষেপে '**এ-চালান**') পদ্ধতি ব্যবহার করে ই-পাসপোর্ট ফি গ্রহণ কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে ব্যাংকসমূহকে অবহিতকরণ এবং '**এ-চালান**' পদ্ধতি ব্যবহার করে সকল ব্যাংকের মাধ্যমে ই-পাসপোর্ট ফি গ্রহণ করে গ্রাহক সেবা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩০.০৫.২০২১

(মোঃ তৌহিদুল ইসলাম)
উপসচিব
☎ ৯৫৬৩১৮৬
ইমেইল: touhiduli@finance.gov.bd

মহাপরিচালক
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ**

১. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. জাতীয় কর্মসূচি পরিচালক, এসপিএফএমএস কর্মসূচি, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, ঢাকা
(দৃঃ আঃ পিইসি, Improvement of Public Financial Services Delivery through Implementation of BACS and iBAS++ স্কিম)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইম্প্রুভমেন্ট অব পাবলিক ফাইন্যান্সিয়াল সার্ভিস ডেলিভারি থ্রু ইমপ্লিমেন্টেশন অব BACS & iBAS++ স্কিম
স্ট্রেনদেনিং পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম টু এনাবল সার্ভিস ডেলিভারি (SPFMS) প্রোগ্রাম
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি), ৫ম তলা
রমনা, ঢাকা-১০০০

নং- ০৭.০০.০০০০.০০০.৩২.০২২.২০২০-৯০৯

তারিখ: ২৬ আশ্বিন, ১৪২৮
১১ অক্টোবর, ২০২১

বিষয়: **অটোমেটেড চালান সিস্টেম (এ-চালান) এর মাধ্যমে জমাকৃত পাসপোর্ট ফি -এর চালানের কপি ই-পাসপোর্ট সিস্টেমে প্রদর্শিত ‘Already Used’ or ‘Locked’ প্রসঙ্গে।**

সরকারের রাজস্ব ও বিভিন্ন সেবা ফি সরকারি কোষাগারে জমা দেওয়ার বিদ্যমান পদ্ধতি সহজীকরণের লক্ষ্যে সরকার ‘স্বয়ংক্রিয় চালান পদ্ধতি’ (এ-চালান) চালু করেছে। এ-চালান ব্যবহারপূর্বক ইতোমধ্যে পাসপোর্ট ফিসহ অন্যান্য রাজস্ব সরকারি কোষাগারে জমা হচ্ছে। ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের অধীন পাসপোর্টের প্রধান কার্যালয় ও আঞ্চলিক কার্যালয়ে কিছু কিছু চালানের কপি সিস্টেমে ‘Already Used’ or ‘Locked’ দেখাচ্ছে। এ ধরনের সমস্যা দেখা দিলে আঞ্চলিক কার্যালয়সমূহ হতে ই-মেইলের মাধ্যমে ‘Already Used’ or ‘Locked’ চালানের কপি ই-পাসপোর্ট কার্যালয়ে প্রেরণ করতে হবে। ই-পাসপোর্ট কার্যালয়ের সংশ্লিষ্ট প্রতিনিধি উক্ত চালানের কপিটি যাচাই করে ‘Used’ না হলে BACS And iBAS++ স্কিমের এ-চালান টিমকে পত্র/ই-মেইলের মাধ্যমে অবহিত করবেন।

২। এমতাবস্থায়, আঞ্চলিক কার্যালয়সমূহে ‘Already Used’ or ‘Locked’ সংক্রান্ত বিষয় পরিলক্ষিত হলে ই-পাসপোর্ট কার্যালয়ের সংশ্লিষ্ট প্রতিনিধির মাধ্যমে এ-চালান টিম বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হল।

১১।১০।২১

(বিলকিস জাহান রিমি)
প্রোগ্রাম এক্সিকিউটিভ অ্যান্ড কো-অর্ডিনেটর
(যুগ্মসচিব)
BACS and iBAS++ স্কিম
☎: ৫৫১১০৫৪৬-৫৫

মহাপরিচালক
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ: পরিচালক (প্রশাসন ও অর্থ),
প্রধান কার্যালয়, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জাতীয় কর্মসূচি পরিচালক, এসপিএফএমএস প্রোগ্রাম ও অতিরিক্ত সচিব (বাজেট-১), বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। প্রকল্প পরিচালক, ই-পাসপোর্ট প্রকল্প, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৩। উপ-প্রকল্প পরিচালক, ই-পাসপোর্ট প্রকল্প, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৪। অফিস কপি

**জরুরি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
**বাজেট অনুবিভাগ-১, বাজেট অধিশাখা-৩**
www.mof.gov.bd

স্মারক নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০০৩.১৯-৭৩০

তারিখঃ ২ মাঘ ১৪২৮ / ১৬ জানুয়ারি ২০২২

বিষয়: **সরকারের বিভিন্ন রাজস্ব ও সেবা ফি'র অর্থ অটোমেটেড চালান (এ-চালান) সিস্টেম-এর মাধ্যমে সরকারি কোষাগারে জমার বিপরীতে স্বয়ংক্রিয়ভাবে সিস্টেম হতে প্রাপ্ত এ-চালান জেলা প্রশাসন কর্তৃক গ্রহণ।**

সূত্র: ১। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১৮ আগস্ট ২০১৯ তারিখের ০৭.০০.০০০০.১০৩.১৮.০০৩.১৯-৩১৭ নং পরিপত্র
২। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২৯ মে ২০২১ তারিখের ০৭.০০.০০০০.১০৩.১৮.০০৩.১৯-২৩৯ নং পরিপত্র

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, যে কোন তফশিলি ব্যাংকের যে কোন শাখায় সরকারি সব ধরনের রাজস্ব ও সেবা ফি অর্থ বিভাগ কর্তৃক প্রবর্তিত Automated Challan ('এ-চালান') সিস্টেমের মাধ্যমে জমা গ্রহণ করা যাবে মর্মে ইতঃপূর্বে ২ (দুই)টি পরিপত্র জারি করা হয় (কপি সংযুক্ত)। এ প্রেক্ষিতে জুলাই ২০২১ হতে 'এ-চালান' সিস্টেম ব্যবহার করে সকল স্থানীয় তফশিলি ব্যাংকের সকল শাখায় সরকারি রাজস্ব ও সেবা ফি জমা গ্রহণ কার্যক্রম শুরু হয়েছে।

২। উল্লেখ্য, এসব সেবা/ফি'র মধ্যে আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন ফি অন্তর্ভুক্ত রয়েছে। কিন্তু, আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন ফি'র রাজস্ব 'এ-চালান' সিস্টেমের মাধ্যমে জমা দিয়ে সিস্টেম হতে প্রাপ্ত এ-চালানের কপি জেলা প্রশাসকের কার্যালয়ে জমা দিলে অনেক জেলা প্রশাসকের কার্যালয় তা গ্রহণ করছে না মর্মে ইতোমধ্যে অনেকে জানিয়েছেন। এখানে আরও উল্লেখ্য, অর্থ বিভাগের 'এ-চালান' সিস্টেমের মাধ্যমে সরকারি রাজস্ব ও সেবা ফি'র অর্থ অনলাইনে সরাসরি সরকারি কোষাগারে জমা দিয়ে তাৎক্ষনিকভাবে সিস্টেম হতে চালান গ্রহণ করা যায়।

৩। বর্ণিত প্রেক্ষাপটে, আগ্নেয়াস্ত্রের লাইসেন্স নবায়ন সেবা প্রদানের ক্ষেত্রে সরকারি রাজস্ব ও সেবা ফি জমার বিপরীতে Automated Challan ('এ-চালান') সিস্টেম জেনারেটেড চালানের কপি গ্রহণপূর্বক কাঙ্খিত সেবা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে ২ পাতা

১৬.০১.২০২২

**(মোঃ তৌহিদুল ইসলাম)**
উপসচিব
☎ ২২৩৩৮৩১৮৬
ই-মেইল: touhiduli@finance.gov.bd

জেলা প্রশাসক (সকল)

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার (সকল)
৩. জাতীয় কর্মসূচি পরিচালক, SPFMS ও অতিরিক্ত সচিব (বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
৪. প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, SPFMS কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
৫. মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), মন্ত্রিপরিষদ বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
**বাজেট অনুবিভাগ-১, বাজেট অধিশাখা-৩**
www.mof.gov.bd

স্মারক নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০০৩.১৯-৭৮৩

তারিখঃ ২০ মাঘ ১৪২৮ / ৩ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: **১০/- টাকার রেভিনিউ স্ট্যাম্প ফি অর্থ বিভাগের Automated Challan System (এ-চালান)-এর মাধ্যমে সরকারি কোষাগারে জমাকরণ।**

সূত্র: এসপিএফএমএস কর্মসূচি কার্যালয়ের স্মারক নং-০৭.০০.০০০০.০০০.৩২.০২২.২০২০-১২২০; তারিখ: ১১.০১.২০২২

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, সরকারের বিভিন্ন রাজস্ব ও সেবা ফি সরকারি কোষাগারে জমাকরণের বিদ্যমান পদ্ধতি সহজীকরণের লক্ষ্যে অর্থ বিভাগ কর্তৃক Automated Challan System (এ-চালান) প্রবর্তন করা হয়েছে। প্রবর্তিত এ সিস্টেমটি সোনালী ব্যাংকের সকল শাখাসহ অন্যান্য বাণিজ্যিক ব্যাংকের সকল শাখায় চালুকরণের বিষয়ে ইতঃপূর্বে অর্থ বিভাগ হতে পরিপত্র জারী করা হয়েছে। এখানে উল্লেখ্য যে, ১০/- টাকার রেভিনিউ স্ট্যাম্প বাবদ অর্থ '১১৬২১০১-স্ট্যাম্প ডিউটি' শীর্ষক অর্থনৈতিক কোডে জমা করতে হয় এবং 'এ-চালান' সিস্টেমের মাধ্যমে উক্ত অর্থ জমাকরণের ব্যবস্থা রয়েছে। অর্থাৎ যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক প্রদেয় রেভিনিউ স্ট্যাম্পের অর্থ 'এ-চালান' সিস্টেমের মাধ্যমে ব্যাংক কাউন্টার, ইন্টারনেট ব্যাংকিং, মোবাইল ব্যাংকিং এবং ডেবিট/ক্রেডিট কার্ডে জমা দিয়ে তাৎক্ষনিক চালান গ্রহণ করা যাবে।

২। বর্ণিত প্রেক্ষাপটে, অর্থ বিভাগের Automated Challan System (এ-চালান)-এর মাধ্যমে ১০/- টাকার রেভিনিউ স্ট্যাম্প ফি বাবদ অর্থ '১১৬২১০১-স্ট্যাম্প ডিউটি' শীর্ষক অর্থনৈতিক কোডে জমাকরণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০৩-০২-২০২২
(মোঃ তৌহিদুল ইসলাম)
উপসচিব
☎ ২২৩৩০১৮৬
ই-মেইল: touhiduli@finance.gov.bd


**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বা/এ, ঢাকা
৪. সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ১৪/ওয়াই, শেরে বাংলা নগর, ঢাকা
৫. সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা
৯. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১. সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২. সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩. সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
১৪. সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৫. সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
১৬. সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৭. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
১৮. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৯. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২০. সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, সরকারি পরিবহণ পুল, সচিবালয় লিংক রোড, ঢাকা
২৩. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা
২৪. সচিব, নৌ-পরিবহণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৫. সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন, ঢাকা
২৬. সচিব, জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা
২৭. সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা
২৮. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৯. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৩০. সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩১. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহণ পুল, বাংলাদেশ সচিবালয় লিংক রোড, ঢাকা
৩২. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৩. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৪. সচিব, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৫. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৬. সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা
৩৭. সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৮. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা
৩৯. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪০. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪১. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪২. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৩. সচিব, সেতু বিভাগ, সেতু ভবন, মহাখালী, ঢাকা
৪৪. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৫. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৬. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৭. সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৮. সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা
৪৯. সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা
৫০. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫১. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫২. সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৩. সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা
৫৪. সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
৫৫. সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেল ভবন, আবদুল গণি রোড, ঢাকা
৫৬. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৭. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৮. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৯. সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬০. সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬১. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা
৬২. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
৬৩. অতিরিক্ত সচিব (প্রশাসন ও টিডিএম), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬৪. সভাপতি, এফবিসিসিআই, এফবিসিসিআই আইকন, ৬০ মতিঝিল বা/এ, ঢাকা

**অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থার জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. জাতীয় কর্মসূচি পরিচালক, এসপিএফএমএস কর্মসূচি, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ, ঢাকা
২. সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
**বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-৩**
www.mof.gov.bd

স্মারক নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০০৩.১৯-৮২৫

তারিখঃ ২১ ফাল্গুন ১৪২৮ / ৬ মার্চ ২০২২

বিষয়: **সরকারি রাজস্ব ও সেবা ফি জমার বিপরীতে সিস্টেম জেনারেটেড এ-চালান আবশ্যিকভাবে গ্রহণ।**

সূত্র: ১। অর্থ বিভাগের ১৮ আগস্ট ২০১৯ তারিখের ০৭.০০.০০০০.১০৩.১৮.০০৩.১৯-৩১৭ নং পরিপত্র
২। অর্থ বিভাগের ২৯ মে ২০২১ তারিখের ০৭.০০.০০০০.১০৩.১৮.০০৩.১৯-২৩৯ নং পরিপত্র

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, সরকারের বিভিন্ন রাজস্ব ও সেবা ফি সরকারি কোষাগারে জমাকরণের বিদ্যমান পদ্ধতি সহজীকরণের লক্ষ্যে অর্থ বিভাগ কর্তৃক Automated Challan System (এ-চালান) প্রবর্তন করে এ সিস্টেমটি সোনালী ব্যাংকের সকল শাখাসহ অন্যান্য বাণিজ্যিক ব্যাংকের সকল শাখায় চালুকরণের বিষয়ে ইতঃপূর্বে পৃথক দু'টি পরিপত্র জারী করা হয়। জারিকৃত পরিপত্রের আলোকে ইতোমধ্যে সকল স্থানীয় তফসিলি ব্যাংক কর্তৃক সরকারি রাজস্ব ও সেবা ফি 'এ-চালান' সিস্টেম ব্যবহারপূর্বক জমা নেওয়ার কার্যক্রম শুরু হয়েছে।

২। সরকারি রাজস্ব ও সেবা ফি জমার বিপরীতে সিস্টেম জেনারেটেড এ-চালান গ্রহণপূর্বক গ্রাহককে কাঙ্খিত সেবা প্রদান করা অত্যন্ত জরুরি। এখানে উল্লেখ্য যে, ওয়েববেসড 'এ-চালান' সিস্টেমের মাধ্যমে সরকারি রাজস্ব ও সেবা ফি অনলাইনে সরাসরি সরকারি কোষাগারে জমা দিয়ে তাৎক্ষনিকভাবে সিস্টেম হতে চালান গ্রহণ করা যায়। একইসাথে অনলাইন চালান ভেরিফিকেশন সাইটে চালানের সঠিকতা যাচাই করা যায়।

৩। বর্ণিত প্রেক্ষাপটে, অর্থ বিভাগের Automated Challan System (এ-চালান)-এর মাধ্যমে সরকারি রাজস্ব ও সেবা ফি জমার বিপরীতে সিস্টেম জেনারেটেড এ-চালান আবশ্যিকভাবে গ্রহণপূর্বক গ্রাহককে কাঙ্খিত সেবা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

০৬/০৩/2022

**(মোঃ তৌহিদুল ইসলাম)**
উপসচিব
☎ ২২৩৩৮৩১৮৬
ই-মেইল: touhiduli@finance.gov.bd

**বিতরণ** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা
৪. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বা/এ, ঢাকা
৫. সিনিয়র সচিব/সচিব (সকল),..........................................................
৬. সামরিক সচিব, আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা
৮. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা
৯. অতিরিক্ত সচিব (প্রশাসন ও টিডিএম), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. জাতীয় কর্মসূচি পরিচালক, SPFMS কর্মসূচি, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা
৩. অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, ঢাকা
৪. সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা